

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২১৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৬১৭১/২০২১ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ধনবাড়ি উপজেলার পাঁচপোটল ডিগ্রি কলেজের তৃতীয় শিক্ষক হিসেবে উল্লিখিত ০৪ (চার) জন শিক্ষকদের নিয়োগে প্রমাণক ও তথ্য জনবল কাঠামো ও এমপিও নীতিমালা এবং বিধি অনুসরণ না করায় তাদের এমপিও ভুক্তির কোন সুযোগ না থাকায় জনাব মোঃ জুলহাস উদ্দিনসহ ০২ (দুই) জন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬১৭১/২০২১ মামলা দায়ের করেন। মামলার বিবরণ নিম্নরূপ:

মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
৬১৭১/২০২১	এম.পি.ও বাতিল সংক্রান্ত	জনাব মোঃ জুলহাস উদ্দিন, প্রভাষক (হিসাববিজ্ঞান), পাঁচপোটল ডিগ্রী কলেজ, উপজেলা- ধনবাড়ি, জেলা- টাঙ্গাইলসহ ০২ (দুই) জন।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাউশিসহ মোট ০৮ (আট) জন।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ জুলহাস উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৬১৭১/২০২১ মামলা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মামলার তথ্য বেইজে এন্ট্রি করাসহ মামলার সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৯-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.২১৮/১(৫)


তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮

০৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৯-৯-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব